# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৫৯

১/ বিবিধ

আরবী

إن أشد أهل النار عذابا يوم القيامة من قتل نبيا أوقتله نبي، وإمام جائر، وهؤلاء المصورون
ضعيف

رواه الطبراني (3/81/1) عن عمر بن خالد المخزومي: نا أبو نباتة يونس بن يحيى عن عباد بن كثير عن ليث بن أبي سليم عن طلحة بن مصرف عن خيثمة بن عبد الرحمن عن عبد الله بن مسعود مرفوعا
قلت: وهذا إسناد ضعيف، وله علتان
الأولى: ليث بن أبي سليم، ضعيف لاختلاطه
الأخرى: عباد بن كثير، فإن كان الثقفي البصري فهو متهم. قال الحافظ في التقريب " متروك، قال أحمد: روى أحاديث كذب "
وإن كان الرملي الفلسطيني - وهو الأرجح عندي أوالذي يغلب على ظني - فهو ضعيف، قال الحافظ
ضعيف، قال ابن عدي: هو خير من عباد الثقفي
وذهل عنه المنذري فاقتصر في إعلاله على الأول، فقال في " الترغيب " (3/136)
رواه الطبراني، ورواته ثقات إلا ليث بن أبي سليم وفي " الصحيح " بعضه، ورواه البزار بإسناد جيد إلا أنه قال: وإمام ضلالة
قلت: هو في " المسند " أيضا للإمام أحمد بهذا اللفظ، ومن أجله خرجته في "

الأحاديث الصحيحة " رقم (281) لأن ثمة فرقا ظاهرا بين اللفظين كما لا يخفى وفي المصورين وأنهم أشد الناس عذابا - حديث آخر صحيح، فانظره في " تخريج الحلال " (121)

বাংলা

১১৫৯। কিয়ামতের দিন জাহান্নামীদের মধ্য থেকে সর্বাপেক্ষা কঠোর শাস্তির সম্মুখীন হবে সেই ব্যক্তি যে কোন নবীকে হত্যা করেছে অথবা যাকে কোন নবী হত্যা করেছে এবং অত্যাচারী শাসক ও ছবি অঙ্কনকারীরা।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ত্ববারানী (৩/৮১/১) উমর ইবনু খালেদ মাখযুমী হতে, তিনি আবু নুবাতাহ ইউনুস ইবনু ইয়াহইয়া হতে, তিনি আব্বাদ ইবনু কাসীর হতে, তিনি লাইস ইবনু আবী সুলাইম হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এতে দুটি সমস্যা রয়েছেঃ

১। মস্তিষ্ক বিকৃতির কারণে বর্ণনাকারী লাইস ইবনু আবী সুলাঈম দুর্বল।

২। আব্বাদ ইবনু কাসীর যদি সাকাফী বাসরী হন তাহলে তিনি মিথ্যা বর্ণনা করার দ্বারা দোষী। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি মাতরুক। ইমাম আহমাদ বলেনঃ তিনি কতিপয় মিথ্যা হাদীস বর্ণনা করেছেন। আর তিনি যদি রামলী ফিলিস্তনী হন, আমার ধারণা আব্বাদ দ্বারা এ ফিলিস্তনী ব্যক্তিকেই বুঝানো হয়েছে, তাহলে তিনি দুর্বল। হাফিয ইবনু হাজার এর সম্পর্কে বলেনঃ তিনি দুর্বল। ইবনু আদী বলেনঃ ইনি আব্বাদ সাকাফীর চেয়ে উত্তম।

অনুরূপ একটি হাদীস ইমাম আহমাদ বর্ণনা করেছেন সে হাদীসটি সহীহ। আমি সেটিকে "সিলসিলা সহীহাহ" গ্রন্থে (২৮১ নং) উল্লেখ করেছি। আলোচ্য এ দুর্বল হাদীসটি আর ইমাম আহমাদ কর্তৃক বর্ণিত সহীহ হাদীসটির মধ্যে ভাষায় কিছু পার্থক্য রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72038

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন